

Official Spokesperson's response to media queries on target killing of two Sikh traders in Peshawar, Pakistan

May 15, 2022

পাকিস্তানের পেশোয়ারে দুইজন শিখ ব্যবসায়ীকে নিশানা করে হত্যা করার প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া
মে 15, 2022

পাকিস্তানের পেশোয়ারে দুইজন শিখ ব্যবসায়ীকে নিশানা করে হত্যা করার প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র বলেন:

"পেশোয়ারে দুইজন শিখ ব্যবসায়ীকে সশস্ত্র অগ্নিতপরিচয় ব্যক্তিদের দ্বারা নির্মমভাবে হত্যা করার প্রতিবেদনটি আমরা লক্ষ্য করেছি। দুঃখজনকভাবে এই ধরনের ঘটনা এটাই প্রথম নয় বা বিরল ঘটনা নয়। এই মর্মান্তিক এবং শোচনীয় ঘটনায় বিভিন্ন স্তরের ভারতের নাগরিক সমাজ এবং শিখ সম্প্রদায় থেকে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। পাকিস্তানে ক্রমাগত সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের নিশানা করার জন্য আমরা পাকিস্তানের সরকারের কাছে তীব্র প্রতিবাদ জানিয়েছি। আমরা এই শোচনীয় ঘটনার অকৃত্রিম তদন্তের জন্য এবং এই ঘটনার সাথে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছি। আমরা আশা রাখি যে পাকিস্তান সরকার তার দায়িত্ব যথাযথভাবে পালন করবে এবং তার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের নিরাপত্তা, সুরক্ষা এবং স্বাস্থ্যের প্রতি নজর দেবে।"

নিউ দিল্লি

মে 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English

on MEA's website and may be referred to as the official press release.